# নিউকামার এন্ড রিফিউজি আর্টিস্ট মেন্টরশীপ (NEWCOMER AND REFUGEE ARTIST MENTORSHIP) 2024 সালের কর্মসূচি সম্পর্কিত নির্দেশাবলী

***আবেদন করার শেষ সময়সীমা: 22 এপ্রিল, 2024***

---

টিএসি (TAC) ন্যায্যতা এবং অন্তর্ভুক্তিকরণের জন্য অঙ্গীকারবদ্ধ। টরন্টোর সকল শিল্পীদের আবেদনপত্র আমরা স্বাগত জানাই এবং উৎসাহ প্রদান করি, যাদের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছেন, তবে এদের মধ্যেই সীমাবদ্ধ নয়: কৃষ্ণাঙ্গ শিল্পীগণ, আদিবাসী শিল্পীগণ, যে সকল শিল্পী শেতাঙ্গ বা ইউরোপীয় বংশোদ্ভূত নন, যে সকল শিল্পী বধির, যে সকল শিল্পীর প্রতিবন্ধকতা রয়েছে বা যে সকল শিল্পী মানসিক অসুস্থতা সহ জীবন-যাপন করছেন, শিল্পীদের যারা 2এসএলজিবিটিকিউআইএপি (2SLGBTQIAP), নবাগত ও শরণার্থী হিসেবে নিজেকে-চিহ্নিত করেন, তরুণ এবং উদীয়মান শিল্পীগণ ও ডাউনটাউনের মূল এলাকার বাইরে কর্মরত শিল্পীগণ। টিএসি-কে আরো সহজগম্য ও অন্তর্ভুক্তিকরণ করার জন্য আমরা কী কী করছি তা আমাদের সম্প্রতি গৃহীত ইক্যুইটি ফ্রেইমওয়ার্ক (Equity Framework) এ আরো জানুন।

---

## এই কর্মসূচিটি কী কী সাহায্য করে?

নিউকামার এন্ড রিফিউজি আর্টিস্ট মেন্টরশীপ কর্মসূচিটি নবাগত ও শরণার্থী শিল্পীদের তাদের শিল্প চর্চা বিকাশে এবং টরন্টোতে তাদের আত্মীকরণ এবং অন্তর্ভুক্তিকরণে সাহায্য প্রদান করে। নবাগত বা নিউকামারকে আমরা এভাবে সংজ্ঞায়িত করি: কোনও অভিবাসী বা শরণার্থী যিনি 7 বছরের চেয়ে কম কানাডায় বাস করেছেন; এবং একজন শরণার্থী হলেন তিনি যাকে তার নিজের দেশ ত্যাগ করতে বাধ্য করা হয়েছিল এবং বর্তমানে যিনি কানাডায় অবস্থান করছেন।

কর্মসূচিটি স্বতন্ত্র নবাগত এবং পেশাজীবী* শরণার্থী শিল্পীদের তাদের পছন্দকৃত শিল্প-বিষয়ক শিক্ষা ক্ষেত্রে পরামর্শ (নির্দেশনা) প্রদান করতে আর্থিক সহায়তা প্রদান করে।

পরামর্শক বিষয়ক আবেদনপত্রটি একজন বিজ্ঞ পরামর্শদাতাকে সহ-আবেদনকারী হিসেবে সাথে নিয়ে নবাগত শিল্পী দ্বারা দাখিল করতে হবে। আবেদনকারী এবং বিজ্ঞ পরামর্শদাতা উভয়কে অবশ্যই পেশাজীবী* শিল্পী হিসেবে চিহ্নিত হতে হবে।

*একজন পেশাজীবী শিল্পী হলেন:

- একজন ব্যক্তি যিনি প্রশিক্ষণ ও/বা চর্চার মাধ্যমে তাদের শিল্প-বিষয়ক দক্ষতাসমূহের উন্নতিসাধন করেছেন;
- একই শৈল্পিক প্রথায় কর্মরত অন্য শিল্পীদের দ্বারা পেশাজীবী হিসেবে স্বীকৃত;
- সক্রিয়ভাবে তার শিল্প চর্চা করেন;
- তার নিজের কাজের জন্য পারিশ্রমিক চান, এবং তার শিল্প-বিষয়ক কর্মকাণ্ডসমূহ নিয়ে বেশী সময় কাটাবেন, আর্থিকভাবে সম্ভবপর হলে;
- এবং সর্বসাধারণের সম্মুখে উপস্থাপনা, প্রকাশনা ও/বা উৎপাদন করার ইতিহাস রয়েছে

**মোট আর্থিক-অনুদানের পরিমাণ $10,000।**

- $5,000 নবাগত বা শরণার্থী শিল্পীকে সরাসরি পরিশোধ করা হবে
- $5,000 বিজ্ঞ পরামর্শদাতাকে সরাসরি পরিশোধ করা হবে।

যদি আপনি একজন নবাগত শিল্পী হোন এবং আপনার কোনো বিজ্ঞ পরামর্শদাতা খুঁজতে বা অনুবাদ পরিষেবাসমূহ পেতে সাহায্যের প্রয়োজন হয়, তবে অনুগ্রহ করে লিজা ম্যাটিমোর (Liza Mattimore), প্রোগ্রাম ম্যানেজার,

স্ট্র্যাটেজিক ইনিশিয়েটিভস (Program Manager, Strategic Initiatives)-এর সাথে 22 মার্চ, 2024 তারিখের পূর্বে 416.392.6802 x231 নম্বরে বা liza@torontoartscouncil.org ইমেইলে যোগাযোগ করুন।

## এই প্রকল্প বা প্রোজেক্টটি কখন হতে পারে?

মেন্টরশীপসমূহ 1 জুলাইয়ের পূর্বে শুরু নাও হতে পারে। সকল মেন্টরশীপ বিষয়ক কর্মকাণ্ড 30 জুন, 2025 তারিখের মধ্যে অবশ্যই সম্পন্ন করতে হবে।

## নবাগত এবং শরণার্থী শিল্পী হিসেবে কারা আবেদন করতে পারবেন?

- যেকোনো শৈল্পিক প্রথায় কর্মরত পেশাজীবী শিল্পীগণ (উপরের সংজ্ঞাটি দেখুন)
- টিএসি উপলব্ধি করে যে বৃহত্তর শিল্প কমিউনিটির (উদাহরণস্বরূপ ন্যায্যতা-অন্বেষণরত কমিউনিটিসমূহ থেকে আগত শিল্পীদের মূলধারায় উপস্থাপনার সীমিত সুযোগ) মধ্যে ব্যবস্থাগত প্রতিবন্ধকতার কারণে সমতূল্য পেশাগত অভিজ্ঞতা এবং প্রেক্ষাপটসমূহ বিবেচনা করতে যোগ্যতার মানদণ্ড ব্যাখ্যায় কিছু নমনীয়তার প্রয়োজন হতে পারে। ন্যায্যতা-অন্বেষণরত কমিউনিটিসমূহ থেকে আগত সম্ভাব্য আবেদনকারীদের আবেদনপত্র দাখিল করার পূর্বেই কর্মসূচি বিষয়ক ব্যবস্থাপক-এর সাথে তাদের যোগ্যতা নিয়ে আলোচনা করার জন্য উৎসাহ প্রদান করা হচ্ছে।
- আবেদনকারীগণকে অবশ্যই সিটি অব টরন্টো-র অধিবাসী হতে হবে।
- আবেদনকারীগণের কানাডায় আগমনে অবশ্যই 1 জানুয়ারী 2017 তারিখের পরে হতে হবে।
- আবেদনকারীগণকে অবশ্যই কানাডীয় নাগরিক **বা** স্থায়ী বাসিন্দা **বা** স্থায়ী আবাসন সংক্রান্ত অবস্থানের জন্য আবেদনপত্রটি বিচারাধীন থাকতে হবে **বা** একজন সুরক্ষিত ব্যক্তি (অনুমোদনকৃত শরণার্থী) হতে হবে এবং অনুরোধ করা হলে, এটি যাচাই করার জন্য কাগজপত্র প্রদানে সক্ষম হতে হবে।
- আবেদনকারীগণকে অবশ্যই একটি এসআইএন (SIN) থাকতে হবে (সোশ্যাল ইনস্যুরেন্স নাম্বার বা Social Insurance Number)
- অর্থায়ন কর্মসূচি থেকে পূর্বে আর্থিক-অনুদান গ্রহণকারীগণ আবেদন করতে পারবেন না।
- স্নাতক শ্রেণীর শিক্ষার্থীগণ আবেদন করতে পারবেন না।
- পেশাজীবী শিল্পীগণ যারা স্নাতক শ্রেণীতে অধ্যয়ন করছেন তারা তাদের অধ্যয়নের কর্মসূচিটির সাথে সম্পর্কিত কাজের জন্য আবেদন করতে পারবেন না। স্নাতক কর্মসূচির পরিচালকের কাছ থেকে এমন একটি চিঠি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে যা বিবৃত করবে যে এই প্রকল্পটি শিক্ষার্থীর স্নাতক অধ্যয়নের কর্মসূচিটির সাথে সম্পর্কিত নয়।

## বিজ্ঞ পরামর্শদাতা হিসেবে কারা আবেদন করতে পারবেন?

- যেকোনো শৈল্পিক প্রথায় কর্মরত পেশাজীবী শিল্পীগণ (উপরের সংজ্ঞাটি দেখুন)
- যেকোনো শৈল্পিক প্রথায় কর্মরত ব্যবস্থাপক বা ম্যানেজারগণ, যাদুঘর বা চিত্রশালার তত্ত্বাবধায়ক বা কিউরেটরগণ এবং উৎপাদনকারীগণ সহ পেশাজীবী শিল্প কর্মীগণ
- সময়সীমা শেষ হওয়ার পূর্বে আবেদনকারীগণকে অবশ্যই সিটি অব টরন্টো-তে কমপক্ষে 1 বছর বাস করতে হবে এবং একজন পেশাজীবী শিল্পী বা শিল্প কর্মী হিসেবে এক বছরে কমপক্ষে 8 মাস টরন্টোতে বসবাস ও কাজ করতে হবে।
- আবেদনকারীগণকে অবশ্যই কানাডীয় নাগরিক বা স্থায়ী বাসিন্দা বা স্থায়ী আবাসন সংক্রান্ত অবস্থানের জন্য আবেদনপত্রটি বিচারাধীন থাকতে হবে বা একজন সুরক্ষিত ব্যক্তি (অনুমোদনকৃত শরণার্থী) হতে হবে এবং অনুরোধ করা হলে, এটি যাচাই করার জন্য কাগজপত্র প্রদানে সক্ষম হতে হবে।
- আবেদনকারীগণকে অবশ্যই একটি এসআইএন (SIN) থাকতে হবে (সোশ্যাল ইনস্যুরেন্স নাম্বার বা Social Insurance Number)

- স্নাতক শ্রেণীর শিক্ষার্থীগণ আবেদন করতে পারবেন না।
- পেশাজীবী শিল্পীগণ যারা স্নাতক শ্রেণীতে অধ্যয়ন করছেন তারা তাদের অধ্যয়নের কর্মসূচিটির সাথে সম্পর্কিত কাজের জন্য আবেদন করতে পারবেন না। স্নাতক কর্মসূচির পরিচালকের কাছ থেকে এমন একটি চিঠি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে যা বিবৃত করবে যে এই প্রকল্পটি শিক্ষার্থীর স্নাতক অধ্যয়নের কর্মসূচিটির সাথে সম্পর্কিত নয়।
- বিজ্ঞ পরামর্শদাতাগণ নিউকামার এন্ড রিফিউজি আর্টিস্ট মেন্টরশীপ কর্মসূচিটিতে প্রতি বছর আর্থিক-অনুদান চক্রটিতে সহ-আবেদনকারী হিসেবে কেবলমাত্র একটি আবেদনপত্রে তালিকাভুক্ত হতে পারবেন।

## আমি কিভাবে আবেদন করবো?

আবেদনপত্র দাখিল করার পূর্বে আবেদনকারীদের লিজা ম্যাটিমোর, প্রোগ্রাম ম্যানেজার, স্ট্র্যাটেজিক ইনিশিয়েটিভস--এর সাথে কথা বলা আবশ্যক। আপনার প্রস্তাবটি নিয়ে আলোচনার জন্য সাক্ষাৎসূচি নির্ধারণ করতে অনুগ্রহ করে লিজা-র সাথে যোগাযোগ করুন: 416.392.6802 x 231 বা liza@torontoartscouncil.org।

একজন স্বতন্ত্র শিল্পী আবেদনকারী হিসেবে (নবাগত ও/বা শরণার্থী শিল্পী) এবং সহ-আবেদনকারী (বিজ্ঞ পরামর্শদাতা) উভয়কেই টিএসি গ্র্যান্টস অনলাইন https://tac.smartsimple.ca/ অবশ্যই নিবন্ধন করতে হবে। আবেদনকারীগণের কেউই কোনও সংগঠন বা সমষ্টিগত যোগাযোগের মাধ্যম হিসেবে ইতোমধ্যে ব্যবহৃত ইমেইল ব্যবহার করতে পারবেন না।

আবেদনকারীদের টিএসি গ্র্যান্টস অনলাইন (https://tac.smartsimple.ca/)-এ নিবন্ধন করতে হবে এবং আবেদনপত্রটি শেষ সময়সীমার তারিখে রাত 11:59 মিনিটের পূর্বেই দাখিল করতে হবে। টিএসি আর অন্য কোনো উপায়ে আবেদনপত্রসমূহ গ্রহণ করে না। আপনার আবেদনপত্রটি দাখিল হলে আপনি একটি নিশ্চিতকরণ ইমেইল পাবেন। এটি আপনার ইনবক্সে না এসে থাকলে আপনার স্প্যাম/জাঙ্ক ইমেইল পরীক্ষা করে দেখুন।

## বধির বা প্রতিবন্ধকতা সম্পন্ন ব্যক্তিদের আবেদনপত্রের অভিগম্যতা সম্পর্কিত সহায়তা

আবেদনকারীগণ যারা বধির বা যাদের প্রতিবন্ধীতা রয়েছে এবং আর্থিক-অনুদান বিষয়ক আবেদনপত্রসমূহ সম্পন্ন করার জন্য সাহায্যের প্রয়োজন তারা সাহায্য-সম্পর্কিত ব্যয়ভার বহনের জন্য এপ্লিকেশন সাপোর্ট সার্ভিস প্রোভাইডার্স-এর কাছে আর্থিক-অনুদানের জন্য আবেদন করতে পারেন। প্রতি পঞ্জিকা বছরে প্রত্যেক আবেদনকারীর জন্য $500 পর্যন্ত অর্থ প্রাপণীয়। যোগ্যতা নিরূপণ করতে, আর্থিক-অনুদান সংক্রান্ত সাহায্য বিষয়ক আবেদনপত্রের জন্য অনুরোধ করতে এবং আপনার পরিষেবা-প্রদানকারীকে অর্থ প্রদানে প্রক্রিয়াটির পর্যালোচনা করতে অর্থায়ন কর্মসূচির সময়সীমা শেষ হওয়ার কমপক্ষে ছয় সপ্তাহ পূর্বে অনুগ্রহ করে আপনার অর্থায়ন কর্মসূচি বিষয়ক ব্যবস্থাপক (গ্র্যান্ট প্রোগ্রাম ম্যানেজার)-এর সাথে যোগাযোগ করুন। আর্থিক-অনুদান সংক্রান্ত সাহায্য বিষয়ক আবেদনপত্রের অনুরোধসমূহের জন্য অর্থায়ন কর্মসূচি বিষয়ক ব্যবস্থাপকের অনুমোদন প্রয়োজন।

## আমাকে কী কী প্রস্তুত করতে হবে?

আর্থিক-অনুদান বিষয়ক আবেদনপত্রটির তিনটি অংশ রয়েছে: *মেন্টরশীপ ডিটেইলস, জীবনবৃত্তান্ত/সিভিসমূহ বা রেজিউমিস/সিভিস এবং সহায়ক উপাদান বা সাপোর্ট ম্যাটেরিয়ালস।*

- প্রশ্নাবলী যা মেন্টরশীপ ডিটেইলস-এ অন্তর্ভুক্ত করা হয়েছে তার জন্য অনুগ্রহ করে সংযুক্ত পরিশিষ্টটি দেখুন।
- *জীবনবৃত্তান্ত/সিভিসমূহে* আবেদনকারী (নবাগত ও শরণার্থী শিল্পী) এবং সহ-আবেদনকারী (বিজ্ঞ পরামর্শদাতা) উভয়েরই তাদের শিল্প-বিষয়ক অভিজ্ঞতার বিস্তারিত প্রদান করা প্রয়োজন।
- *সহায়ক উপাদান* আবেদনপত্রের একটি গুরুত্বপূর্ণ অংশ। সকল আবেদনকারীকে মেন্টরশীপের সাথে সংশ্লিষ্ট তাদের সাম্প্রতিক শিল্প কর্মসমূহের নমুনা অবশ্যই দাখিল করতে হবে। কমপক্ষে একটি নমুনা গত 2 বছরের মধ্যে হতেই হবে। বিজ্ঞ পরামর্শদাতাদের সহায়ক উপাদান প্রদানের বিষয়টি ঐচ্ছিক তবে প্রদান করার জন্য উৎসাহিত করা হচ্ছে।
    - ভিডিও/অডিও: আপনার ফাইলের লিঙ্ক (ওয়েবসাইট, ভিমিও, ইউটিউব) এবং প্রয়োজন হলে, পাসওয়ার্ড

প্রদান করুন। ভিডিও এবং অডিও ফাইলসমূহ 3 মিনিটের বেশী দীর্ঘ হতে পারবে না।

- ছবি: প্রয়োজন হলে, যেখানে ছবিগুলো আপলোড করা হয়েছে সেই ওয়েবসাইটের লিঙ্ক এবং পাসওয়ার্ড প্রদান করুন। আপনার কাজের জেপিইজি (JPEG) ছবিগুলোও আপনি আপলোড করতে পারেন। প্রতিটি সহায়ক উপাদান সংক্রান্ত বিভাগে 5টি ছবি দেওয়া যাবে, সর্বাধিক 15টি ছবি দেওয়া যাবে।

- লেখার নমুনা: দুই লাইনের মাঝে দ্বিগুণ ফাঁক রেখে (ডাবল-স্পেসড) সর্বাধিক 15 পৃষ্ঠার একটি পিডিএফ (PDF) ফাইল আপলোড করুন।
- অর্থায়ন পর্যালোচনা বিষয়ক জুরিবর্গ সাধারণত প্রতিটি আবেদনপত্রের সহায়ক উপাদান দেখার জন্য 5 মিনিট বা তার কম সময় ব্যয় করবেন। সুতরাং, কাজসমূহ হয়ত সম্পূর্ণভাবে নাও দেখা হতে পারে। ফাইলের আকার 200 এমবি (MB) অতিক্রম করতে পারবে না।
- গুগল ড্রাইভ (Google Drive) বা ড্রপবক্স (Dropbox) এর মাধ্যমে উপাদানসমূহ দাখিল করবেন না। যদি আপনি ফেইসবুক (Facebook) বা ইনস্টাগ্রাম (Instagram) এর প্রোফাইলসমূহ দাখিল করেন, এটি নিশ্চিত করুন যে সেগুলি সর্বসাধারণের বা পাবলিক একাউন্ট।

## আমার আবেদনপত্রটি কিভাবে মূল্যায়ন করা হবে?

- একটি সমকক্ষ পর্যালোচনা প্রক্রিয়া (Peer Review Process - পিয়ার রিভিউ প্রসেস)-র মাধ্যমে আবেদনপত্রসমূহ মূল্যায়ন করা হয়: কোন কোন আবেদনপত্রসমূহকে অর্থায়নের জন্য সুপারিশ করা হবে সে বিষয়ে অনুশীলনরত শিল্পী এবং শিল্প কর্মীদের পর্যালোচনা বিষয়ক একটি জুরি সিদ্ধান্ত নেন। অর্থায়নের জন্য সুপারিশসমূহ টিএসি-এর পরিচালনা পর্ষদ (টিএসি ডাইরেক্টরস) দ্বারা অনুমোদন করা হয়।
- টরন্টোর শিল্প শাখায় তাদের সরাসরি অভিজ্ঞতা ও জ্ঞানের কারণে এবং টিএসি-র চিহ্নিত পক্ষপাতশূণ্য অগ্রাধিকারপ্রাপ্ত গোষ্ঠীসমূহের ন্যায্য প্রতিনিধিত্ব নিশ্চিত করতে জুরি সদস্যদগণকে নির্বাচন করা হয়।
- একটি তুলনামূলক প্রেক্ষাপটে আবেদনপত্রসমূহের মূল্যায়ন করা হয় এবং অর্থায়ন বিষয়ক সিদ্ধান্তসমূহ তহবিল প্রাপ্যতা, কর্মসূচিটির লক্ষ্য এবং মূল্যায়নের নিম্নলিখিত নির্ণায়কের উপর ভিত্তি করে হয়ে থাকে:
  - আবেদনপত্রটির শৈল্পিক যোগ্যতা (গুণগত মান বা কোয়ালিটি) কী?
  - মেন্টরশীপটি কি টরন্টো আর্টস কাউন্সিল-এর মধ্যে আবেদনকারীর আত্মীকরণে সাহায্য করবে?
  - মেন্টরশীপটি কি আবেদনকারীকে অর্থপূর্ণ অভিজ্ঞতা প্রদান করবে?
  - বিজ্ঞ পরামর্শদাতার কি এই মেন্টরশীপটির জন্য উপযুক্ত অভিজ্ঞতা ও যোগ্যতা রয়েছে?
  - মেন্টরশীপের কর্মপরিকল্পনাটি কি বাস্তবসম্মত?
- অর্থায়ন পর্যালোচনা বিষয়ক জুরিবর্গ প্রত্যেক আবেদনকারীর স্ব-নির্ধারিত শিল্প-বিষয়ক লক্ষ্যসমূহ, ভৌগলিক ও শৈল্পিক পরিবেশ, লভ্য সম্পদসমূহ এবং শিল্প-বিষয়ক উন্নয়নের পর্যায় বিবেচনা করবেন।
- **কর্মসূচির অগ্রাধিকার নির্ণায়ক:** এই কর্মসূচিটি যে সকল শিল্পী তাদের শিল্প-চর্চার উন্নয়ন এবং নবাগত ও/বা শরণার্থী হওয়ার ফলে টরন্টোতে শিল্পকলা ক্ষেত্রে আত্মীভূতকরণে প্রতিবন্ধকতার সম্মুখীন হন তাদের অগ্রাধিকার প্রদান করবে।
- টিএসির ইক্যুইটি ফ্রেইমওয়ার্ক (Equity Framework)-এ অন্তর্ভুক্ত একটি ন্যায্যতা অগ্রাধিকার সংক্রান্ত নীতি (Equity Priority Policy - একুাইটি প্রাইওরিটি পলিসি) যা বিবৃত করে যে যদি একটি ন্যায়নির্ণয়ের চক্রে ভালভাবে-মূল্যায়নকৃত সম-যোগ্যতাসম্পন্ন অনেক আবেদনপত্র থাকে অথচ আর্থিক-অনুদানের বাজেটে সকল যোগ্য প্রার্থীকে সাহায্য প্রদান করার জন্য পর্যাপ্ত তহবিল না থাকে, সেক্ষেত্রে আবেদনকারীদের দ্বারা প্রস্তাবিত আবেদনপত্রসমূহ, যারা টরন্টো আর্টস কাউন্সিল-এর চিহ্নিত অগ্রাধিকারপ্রাপ্ত একটি গোষ্ঠীর অংশভুক্ত হিসেবে নিজেকে-চিহ্নিত করে তাদেরকে অগ্রাধিকার প্রদান করা হবে।
- **অর্থায়ন পর্যালোচনা বিষয়ক জুরিবর্গের সিদ্ধান্তসমূহই চূড়ান্ত।**

## আমি কীভাবে আবেদনপত্রটির ফলাফলসমূহ জানতে পারবো?

ফলাফলসমূহ উপলভ্য হলে টিএসি আপনাকে একটি ইমেইল প্রেরণ করবে, এবং আপনি টিএসি গ্র্যান্টস অনলাইন-এ ফলাফল পাওয়ার জন্য লগ ইন করবেন। সময়সীমা শেষ হওয়ার দুই মাসের মধ্যেই বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

## যদি আমার প্রকল্পটির পরিবর্তন হয়, তখন কী হবে?

কেবল আবেদনপত্রে বর্ণিত উদ্দেশ্যসমূহের জন্যই আর্থিক-অনুদানসমূহ ব্যবহার করতে হবে। প্রকল্পের কর্মপরিকল্পনার জন্য যেকোনো বড় ধরনের পরিবর্তনসমূহ সম্পর্কে অবশ্যই টিএসি-কে অবিলম্বে অবহিত করতে হবে।

## আমার প্রকল্পটি সম্পন্ন করে ফেলার পর আমি কী করবো?

অনুদান গ্রহণকারীদের তাদের প্রকল্পের একটি চূড়ান্ত প্রতিবেদন দাখিল করার প্রয়োজন হবে। ভবিষ্যতে আবেদনপত্রসমূহ গ্রহণ করা হবে না যতক্ষণ পর্যন্ত টিএসি দ্বারা পূর্ববর্তী আর্থিক-অনুদানের প্রতিবেদনসমূহ গৃহীত হয় এবং অনুমোদন করা হয়।

## এই আর্থিক-অনুদানের জন্য কী কী নিয়ম বা শর্তাবলী রয়েছে?

- সফল আবেদনকারীগণ একটি লেটার অব আন্ডারস্ট্যান্ডিং (Letter of Understanding) পাবেন। লেটার অব আন্ডারস্ট্যান্ডিং-টি আর্থিক-অনুদানের শর্তাবলী বর্ণনা করবে।  লেটার অব আন্ডারস্ট্যান্ডিং-টি অবশ্যই স্বাক্ষর করতে হবে এবং আর্থিক-অনুদান প্রদান করার পূর্বেই *টিএসি গ্র্যান্টস অনলাইন*-এ আপলোড করতে হবে। লেটার অব আন্ডারস্ট্যান্ডিং সেই পরিস্থিতিসমূহও বর্ণনা করবে যেক্ষেত্রে আর্থিক-অনুদানটির অর্থ পরিশোধ করার প্রয়োজন হবে।
- আর্থিক-অনুদান গ্রহণকারীদের যে সকল কর্মকাণ্ডের জন্য আর্থিক-অনুদান অনুমোদন করা হয় তার সাথে সম্পর্কিত সকল লিখিত উপাদানসমূহকে টরন্টো আর্টস কাউন্সিল-র সহায়তাকে স্বীকারোক্তি প্রদান করার প্রয়োজন হবে।  আমাদের ওয়েবসাইটে টিএসি-এর লোগো পাওয়া যায়; লোগোর আকার ও স্থাননির্ণয়ের সবিস্তার বিবরণী অন্যান্য দাতা বা স্পনসরদের সাথে সামঞ্জস্যপূর্ণ হওয়া উচিত যারা একই রকম আর্থিক সহায়তা প্রদান করেছেন। লোগোর পরিবর্তে, গ্রহণকারী "টরন্টো আর্টস কাউন্সিল-এর মাধ্যমে সিটি অব টরন্টো-র সহায়তায় উৎপাদিত" বাক্যটি ব্যবহার করতে পারেন।
- টরন্টো আর্টস কাউন্সিল ইলেক্ট্রোনিক অর্থ-পরিশোধ করায় স্থানান্তর করেছে।  যদি আপনার আবেদনপত্রটি অনুমোদন করা হয়, আপনাকে আর্থিক-অনুদান গ্রহণকারীর ব্যাংকের একাউন্ট সংক্রান্ত তথ্য পূরণ করার প্রয়োজন হবে যা আবেদনকারীর নাম এবং আপনার নোটিফিকেশন লেটার-টির (Notification Letter) সাথে সঙ্গতিপূর্ণ।  আপনার লেটার অব আন্ডারস্ট্যান্ডিং এবং অন্যান্য নোটিফিকেশন লেটার রিক্যুয়ারমেন্টসমূহ সাথেই ব্যাংকের তথ্য দাখিল করা হয়েছে।
- সিটি হতে অনুদান পাওয়ার শর্ত হিসেবে সিটি অব টরন্টো-র প্রত্যাশা হলো যে, সকল সংগঠন এবং স্বতন্ত্র ব্যক্তি বৈষম্যহীনতা সংক্রান্ত নীতি গ্রহণ করবেন। সকল সফল আবেদনকারীকে একটি স্বাক্ষরিত ডেক্লারেশন অব কমপ্লাইয়্যান্স উইথ অ্যান্টি-হ্যারাসমেন্ট/ডিসক্রিমিন্যাশন লেজিসল্যাশন এন্ড সিটি পলিসি দাখিল করতে হবে।
- টরন্টো আর্টস কাউন্সিল-এর অর্থ-তহবিলসমূহের রশিদ হিসেবে আর্থিক-অনুদান গ্রহণকারীদের হিসাব সংক্রান্ত যথাযথ নথিসমূহ সংরক্ষণ করা প্রয়োজন। টিএসি দ্বারা স্বতন্ত্র আবেদনকারীগণকে একটি টি4এ (T4A) ফর্ম প্রেরণ করা হবে এবং তা আয়করের উদ্দেশ্যে রেখে দেওয়া উচিত।
- অর্থায়নের বিষয়ে উপরোক্ত সাধারণ শর্তসমূহ ছাড়াও, আর্থিক-অনুদান প্রকাশের ব্যাপারে টিএসি অন্যান্য শর্তসমূহ স্থাপন করার অধিকার সংরক্ষণ করে (যেমন স্থান নিশ্চিতকরণ, প্রোগ্রামিং, আর্থিক-অনুদানের অন্যান্য উৎসসমূহ, ইত্যাদি)। যে কোনো সুনির্দিষ্ট শর্তসমূহ লেটার অব আন্ডারস্ট্যান্ডিং-এ অন্তর্ভুক্ত করা হবে।

## আরও প্রশ্নাবলী

প্রোগ্রাম ম্যানেজার (কর্মসূচি বিষয়ক ব্যবস্থাপক) লিজা ম্যাটিমোর-এর সাথে যোগাযোগ করুন

416-392-6802 এক্সটেনশন 231

liza@torontoartscouncil.org

**যদি আপনি একজন নবাগত বা শরণার্থী শিল্পী হোন এবং আপনার কোনো বিজ্ঞ পরামর্শদাতা খুঁজতে বা অনুবাদ পরিষেবাসমূহ পেতে সাহায্যের প্রয়োজন হয়, তবে অনুগ্রহ করে 15 মার্চ, 2024 তারিখের পূর্বে লিজা ম্যাটিমোর -এর সাথে যোগাযোগ করুন।**

## পরিশিষ্ট

2021 সালের আবেদনপত্রে মেন্টরশীপ ডিটেইলস সংক্রান্ত প্রশ্নাবলী:

1) শিল্পীর বিবৃতি: আপনি কোন ধরনের শিল্পচর্চা করেন এবং কেন আপনি এটি সৃষ্টি করেন সেটি সহ আপনার শিল্প বিষয়ক চর্চা সম্পর্কে বর্ণনা করুন। আপনার নিজের দেশে এবং কানাডায় শিল্প তৈরিতে আপনার অভিজ্ঞতার বিস্তারিত তথ্য অন্তর্ভুক্ত করুন।
2) উদ্দেশ্যসমূহ: টরন্টোতে শিল্পী হিসেবে আপনি কোন সাফল্য এবং কোন সমস্যার সম্মুখীন হয়েছেন তা বর্ণনা করুন। এই মেন্টরশীপটি এইসব সমস্যাসমূহকে কিভাবে তুলে ধরবে? একজন শিল্পী হিসেবে এটি কিভাবে আপনার উন্নতিসাধনে সাহায্য করবে? টরন্টোতে আপনার আত্মীকরণে এটি আপনাকে কিভাবে সাহায্য করবে বলে আপনি মনে করেন?
3) বিজ্ঞ পরামর্শদাতার বিবরণ: এই শিল্পীকে আপনি কেন পরামর্শ প্রদান করতে চান? তার শিল্প বিষয়ক চর্চা সম্পর্কে আপনার কী কী আগ্রহ? মেন্টরশীপটিতে আপনি যে অভিজ্ঞতা নিয়ে আসবেন তার সূত্র ধরে এই শিল্পীর জন্য আপনি উপযুক্ত পরামর্শদাতা কেন তা ব্যাখ্যা করুন।
4) কর্মপরিকল্পনা: মেন্টরশীপ কর্মকাণ্ডের একটি বিশদ সময়সূচি এবং কর্মপরিকল্পনা সহ আপনারা একসাথে কিভাবে কাজ করবেন তা বর্ণনা করুন। তারিখসমূহ, ঘটনাবলীর স্থান এবং কর্মকাণ্ডের বিস্তারিত তথ্য অন্তর্ভুক্ত করুন।
5) চিন্তাভাবনা: এই কর্মসূচিটি আপনার শৈল্পিক উন্নয়নে সাহায্য করতে এবং টরন্টোতে আপনার আত্মীকরণে সহায়তা করতে তৈরি করা হয়েছিল। এটি বিবেচনার মধ্যে রেখে, আপনি কী ফলাফলসমূহ আশা করছেন? এই মেন্টরশীপের ফলে আপনার জীবনে ভিন্ন কী হবে? একটি সফল মেন্টরশীপ অভিজ্ঞতাকে আপনি কিভাবে নিরূপণ করবেন?